মেসিদের অগ্নিপরীক্ষা, কাল মাঠে নামছে ব্রাজিল

ইউরোপে আন্তর্জাতিক ফুটবল মাঠে ফিরেছে গত মাসে। এবার ফিরছে লাতিন আমেরিকায়। সরাসরি ২০২২ বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচ দিয়ে। প্রায় এক বছর পর একে একে জাতীয় দলের জার্সি গায়ে তুলছে মেসি, নেইমার, সুয়ারেজরা। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে ইকুয়েডরের বিরুদ্ধে জয়ের পরেও স্বস্তি নেই আর্জেন্টিনা শিবিরে। কারণ একটা নয়, একাধিক।

প্রথমত, বলিভিয়ার বিরুদ্ধে লিয়োনেল মেসিদের খেলতে হবে লা পাজে পৃথিবীর উচ্চতম স্টেডিয়ামে। সমুদ্রপৃষ্ঠ থেকে যার উচ্চতা ৩৬০০ মিটার অর্থাৎ ১১ হাজার ৮১১ ফুট! শ্বাস-প্রশ্বাসের সমস্যার জন্য বলিভিয়া ছাড়া বিশ্বের সব দলের ফুটবলারদের কাছেই আতঙ্ক লা পাজের এই স্টেডিয়াম। যদিও উচ্চতার সঙ্গে মানিয়ে নিতে মেসিরা রবিবারই পৌঁছে গিয়েছেন বলিভিয়ায়।

দ্বিতীয়ত, সের্খিয়ো আগুয়েরো চোটের কারণে নেই। এবার ছিটকে গেলেন আর এক তারকা পাওলো দিবালা। তৃতীয়ত, ব্রাজিল প্রথম ম্যাচে বলিভিয়াকে ৫-০ হারানোয় চাপ বেড়েছে আর্জেন্টিনা শিবিরে। মেসিদের বিরুদ্ধে দ্বৈরথের আগে বলিভিয়ার কোচ সিজার ফারিয়াস রীতিমতো হুঙ্কার দিয়ে রেখেছেন। তিনি বলেছেন, ‘আমাদের খেলাকে ওরা কুৎসিত বলতেই পারে। তা নিয়ে আমরা একেবারেই চিন্তিত নই। এই উচ্চতায় আমাদের প্রধান লক্ষ্য ওদের গ্রাস করা।’

ব্রাজিল শিবিরের ছবিটা সম্পূর্ণ উল্টো। বলিভিয়াকে পাঁচ গোলে হারিয়ে উজ্জীবিত ফুটবলারেরা। সোমবার সাও পাওলোয় অনুশীলনের পরেই পেরুর বিরুদ্ধে খেলতে লিমা রওনা হন নেমার দা সিলভা স্যান্টোস (জুনিয়র), ফিলিপে কুটিনহোরা। তার আগে এই ম্যাচের জন্য অধিনায়ক হিসেবে থিয়াগো সিলভার নাম ঘোষণা করেছেন কোচ তিতে। কাল বুধবার মুখোমুখি হচ্ছে ব্রাজিল ও পেরু। মঙ্গলবারই উরুগুয়ে খেলবে ইকুয়ডরের বিরুদ্ধে। রবিবার রাতে ফ্রান্সের সঙ্গে গোলশূন্য ড্র করল পর্তুগাল। পোলান্ড বনাম ইটালি ম্যাচও গোলশূন্য থাকল।

[redacted]

[redacted]

১ ছক্কায়। ১৬টি করে রান করেন আন্দ্রে রাসেল ও রাহুল ত্রিপাথি। বাকিদের রান ছিল টেলিফোন নম্বরের মতো ৮৯৮১১৪৭২। তাতে ১৯৫ রানের বড় টার্গেটও তাদের ছোঁয়া হয়নি।

ম্যাচসেরা নির্বাচিত হন ব্যাট হাতে ঝড় তোলা এবি ডি ভিলিয়ার্স।

ধোনির মেয়েকে ধর্ষণের হুমকি: সেই কিশোর গ্রেফতার

ভারতের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির ছোট্ট মেয়ে জিভাকে হুমকি দেওয়ার অভিযোগে ১৬ বছরের এক কিশোরকে গ্রেফতার করেছে দেশটির পুলিশ।

রবিবার ভারতের গুজরাটের মুন্ড্রা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

স্থানীয় পুলিশ সুপার সৌরভ সিং সাংবাদিকদের জানিয়েছেন, ধোনির স্ত্রী সাক্ষী ধোনির ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে পোস্ট করা এক জঘন্য হুমকি বার্তার প্রসঙ্গে জিজ্ঞাসাবাদের জন্য ওই দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীকে আটক করা হয়।

পুলিশের পক্ষ থেকে দাবি করা হয়, কেকেআর এবং সিএসকে ম্যাচের পর ইন্সটাগ্রামে ওই হুমকি বার্তা পোস্ট করার কথা স্বীকার করে নিয়েছে ওই কিশোর।

উল্লেখ্য, রাঁচি পুলিশ প্রথমে কচ্ছ (পশ্চিম)-এর পুলিশকে গোটা ব্যাপারটা জানায় এবং ওই কিশোরই হুমকি দিয়েছিল কিনা, সে বিষয়ে নিশ্চিত হতে বলে। এরপরই কচ্ছের পুলিশ জিজ্ঞসাবাদের জন্য আটক করে অভিযুক্তকে।

পুলিশ জানিয়েছে, তারা নিশ্চিত যে ওই ছেলেটিই হুমকি দিয়েছিল। যেহেতু রাঁচিতে এফআইআর দায়ের করা হয়েছিল, তাই ওই কিশোরকে রাঁচি পাঠিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, ২০২০ আইপিএল-এ চেন্নাই সুপার কিংস (সিএসকে) দলের নেতৃত্ব দিচ্ছেন ধোনি। খুব একটা ফর্মে নেই মাহি। কিন্তু এরজন্য তাকে আক্রমণ তো বটেই। এমনকি তার ছোট্ট মেয়ে জিভাকেও আক্রমণ করে কিছু ব্যক্তি। কমেন্ট বক্সে আসে ভয়ঙ্কর হুমকি।

হুমকির জেরে সোশ্যাল মিডিয়ায় ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। ক্রিকেটার, রাজনীতিবিদ এবং সেলিব্রিটিরা রীতিমতো ক্ষোভ প্রকাশ করে এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আর্জি জানায়। এরপরই সক্রিয় হয়ে ওঠে পুলিশ, গ্রেফতার করা হয় অভিযুক্তকে। সূত্র: দ্য নিউ ইন্ডিয়ান এক্সপ্রেস

গোলশূন্য ড্র রোনালদো- এমবাপেদের

সবশেষ রাশিয়া বিশ্বকাপের শিরোপা ঘরে তুলেছে ফ্রান্স। আর ২০১৮ সালের ইউরো চ্যাম্পিয়ন বিশ্বের অন্যতম সেরা ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনালদোর দেশ পর্তুগাল।

উয়েফা নেশনস লিগে রবিবার রাতে মুখোমুখি হয় এই দুই দল। তবে কেউ জয় পায়নি। বিশ্ব চ্যাম্পিয়ন ফ্রান্স ঘরের মাঠে পর্তুগালকে পেয়েও হারাতে পারেনি।

অন্যদিকে পর্তুগালও পায়নি জালের নাগাল। গোলশূন্য ড্রয়ে পয়েন্ট ভাগাভাগি করে মাঠ ছেড়েছে রোনালদো-এমবাপেরা।

প্রথমার্ধে ফ্রান্সের আঁতোয়ান গ্রিজমান গোলের সুযোগ পেয়েছিলেন। কিন্তু তার নেওয়া শট পর্তুগালের গোলরক্ষক রুই প্যাট্রিসিওকে ফাঁকি দিতে পারেনি। রোনালদোও অবশ্য প্রথমার্ধে প্রায় গোল দিয়ে ফেলেছিলেন। কিন্তু তার নেওয়া শট ফ্রান্সের রক্ষণভাগের খেলোয়াড় লুকাস হার্নান্দেজ লক্ষ্যভ্রষ্ট করেন।

যোগ করা সময়ে রোনালদো গোলমুখে শট নিয়েছিলেন। কিন্তু সেটা ধরে ফেলেন ফ্রান্সের গোলরক্ষক হুগো লরিস।

পর্তুগালের রক্ষণভাগের খেলোয়াড় পেপে ফ্রি কিক থেকে আসা বলে মাথা লাগিয়ে অবশ্য জালে জড়িয়ে দিয়েছিলেন। কিন্তু গোলটি অফসাইডের কারণে বাতিল হয়।

শেষ পর্যন্ত কোনও দলই জালের নাগাল পায়নি। তাতে জয়ও ধরা দেয়নি বিশ্ব ও ইউরো চ্যাম্পিয়নদের হাতে। পয়েন্ট ভাগাভাগি করেই সন্তুষ্ট থাকতে হয় তাদেরকে।

৩ ম্যাচ থেকে ৭ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট টেবিলের শীর্ষে আছে পর্তুগাল। সমান ম্যাচ থেকে সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে পিছিয়ে থেকে দ্বিতীয় স্থানে আছে ফ্রান্স। ৩ ম্যাচ থেকে ৩ পয়েন্ট সংগ্রহ করে ক্রোয়েশিয়া আছে তৃতীয় স্থানে। চতুর্থ স্থানে থাকা সুইডেন এখন পর্যন্ত কোনও পয়েন্ট সংগ্রহ করতে পারেনি।

করোনার কারণে স্টাডে ডি ফ্রান্সের গ্যালারিতে বসে পর্তুগাল-ফ্রান্সের ম্যাচ দেখার সুযোগ পেয়েছেন মাত্র ১ হাজার দর্শক। যদিও এই স্টেডিয়ামের ধারণক্ষমতা ৮০ হাজার।

রামনগর ফুটবল টুর্নামেন্টে চাঁদপুর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম রাউন্ডের শেষ খেলায় চাঁদপুর একাদশ জয়লাভ করেছে।

গতকাল রবিবার বিকেলে অনুষ্ঠিত খেলায় চাঁদপুর একাদশ ১-০ গোলে চন্দ্রবাস একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের দলীয় ৯ নং জার্সি পরিহিত শাকিল ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্ভোধন করেন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক

রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির। খেলা শেষে প্রত্যেক দলীয় অধিনায়কদের উপস্থিতে ২য় রাউন্ডের ওপেন ড্র অনুষ্ঠিত হয়।

যেভাবে সরাসরি দেখবেন বিসিবি প্রেসিডেন্টস কাপ

জাতীয় দল, এইচপি ও যুব ক্রিকেটারদের তিন দলে ভাগ করে আজ রবিবার থেকে শুরু হচ্ছে বিসিবি প্রেসিডেন্টস কাপ। নিছক প্রস্তুতিমূলক টুর্নামেন্ট হলেও, এরই মধ্যে এতে চলে এসেছে প্রতিযোগিতার আমেজ। বিসিবির পক্ষ থেকেও ঘোষণা করা হয়েছে প্রায় ৩৭ লাখ টাকার পুরস্কার। জাতীয় দলের ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল, টি-টোয়েন্টি অধিনায়ক মাহমুদউল্লাহ রিয়াদ ও তরুণ বাঁহাতি ব্যাটসম্যান নাজমুল হোসেন শান্তর নেতৃত্বে সাজানো হয়েছে তিন দল। দুপুর দেড়টায় আসরের প্রথম ম্যাচে মুখোমুখি হবে মাহমুদউল্লাহ একাদশ ও নাজমুল একাদশ।

ক্রিকেটপ্রেমীদের জন্য সবগুলো ম্যাচই সরাসরি দেখার ব্যবস্থা রেখেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। যা সম্প্রচারিত হবে ফেসবুক লাইভের মাধ্যমে।

বিসিবি থেকে দেয়া এক বিবৃতিতে জানানো হয়েছে, টুর্নামেন্ট এর প্রতিটি খেলা ভিডিও স্ট্রিমিং এর মাধ্যমে বিসিবির অফিসিয়াল ফেসবুক পেজ হতে সরাসরি সম্প্রচার করা হবে। এছাড়া বাংলাদেশ বেতারে খেলাগুলোর চলতি ধারাবিবরণী পাওয়া যাবে। এর বাইরে র্যাবিটহোলবিডির ফেসবুক পেজেও সম্প্রচারিত হবে খেলাগুলো।

প্রেসিডেন্টস কাপের সূচি
১১ অক্টোবর – মাহমুদউল্লাহ একাদশ বনাম নাজমুল একাদশ

১৩ অক্টোবর – মাহমুদউল্লাহ একাদশ বনাম তামিম একাদশ ১৫ অক্টোবর – নাজমুল একাদশ বনাম তামিম একাদশ
১৭ অক্টোবর – মাহমুদউল্লাহ একাদশ বনাম নাজমুল একাদশ ১৯ অক্টোবর – মাহমুদউল্লাহ একাদশ বনাম তামিম একাদশ ২১ অক্টোবর – নাজমুল একাদশ বনাম তামিম একাদশ
২৩ অক্টোবর – ফাইনাল
২৪ অক্টোবর – রিজার্ভ ডে (ফাইনাল)
*সবগুলো ম্যাচই বাংলাদেশ সময় দুপুর দেড়টায় শুরু হবে।

তিন দলের স্কোয়াড

রিয়াদ একাদশ
মাহমুদউল্লাহ রিয়াদ (অধিনায়ক), নাইম শেখ, লিটন কুমার দাস, মুমিনুল হক, নুরুল হাসান সোহান, সাব্বির রহমান, ইমরুল কায়েস, হাসান মাহমুদ, ইবাদত হোসেন, রুবেল হোসেন, মৃত্যুঞ্জয় চৌধুরী নিপুন, মেহেদি হাসান মিরাজ, রাকিবুল হাসান, আমিনুল ইসলাম বিপ্লব।

স্ট্যান্ডবাই: আবু হায়দার রনি, সানজামুল ইসলাম ও হাসান মুরাদ।

নাজমুল হোসেন শান্ত একাদশ
নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), সৌম্য সরকার, সাইফ হাসান, আফিফ হোসেন ধ্রুব, মুশফিকুর রহিম, তৌহিদ হৃদয়, ইরফান শুক্কুর, পারভেজ হোসেন ইমন, তাসকিন আহমেদ, মোহাম্মদ আল আমিন হোসেন, আবু জায়েদ রাহী, মুকিদুল ইসলাম মুগ্ধ, নাইম হাসান, নাসুম আহমেদ, রিশাদ হোসেন।

স্ট্যান্ডবাই : সুমন খান, সাদমান ইসলাম ও তানভির ইসলাম

তামিম একাদশ
তামিম ইকবাল খান (অধিনায়ক), তানজিদ হাসান তামিম, মোসাদ্দেক হোসেন সৈকত, মোহাম্মদ মিঠুন, শাহাদাত হোসেন দিপু, ইয়াসির আলী চৌধুরী, আকবর আলী, এনামুল হক বিজয়, মোহাম্মদ সাইফউদ্দীন, মোস্তাফিজুর রহমান, সৈয়দ খালেদ আহমেদ, শরিফুল ইসলাম, শেখ মেহেদি হাসান, তাইজুল ইসলাম, মিনহাজুল আবেদিন আফ্রিদি।

স্ট্যান্ডবাই: শফিকুল ইসলাম, মাইদুল অংকন ও মেহেদি হাসান রানা।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

বলিভিয়াকে উড়িয়ে দিল ব্রাজিল, বিশ্বকাপের বাছাইপর্বে উড়ন্ত সূচনা

বলিভিয়াকে উড়িয়ে দিয়ে বিশ্বকাপ বাছাইপর্বের প্রথম ম্যাচে উড়ন্ত সূচনা পেল ব্রাজিল।

বাংলাদেশ সময় শনিবার সকালে বলিভিয়াকে ৫-০ গোলের ব্যবধানে উড়িয়ে দেয় তারা। এমন জয়ে জোড়া গোল করেছেন রবার্তো ফিরমিনো। একটি করে গোল করেছেন মারকুইনহোস ও ফিলিপে কুতিনহো। অপর গোলটি এসেছে আত্মঘাতী খাত থেকে।

বলিভিয়ার বিপক্ষে ম্যাচের ১৬ মিনিটেই এগিয়ে যায় ব্রাজিল। এ সময় কর্নার পায় সেলকাওরা। কর্নার থেকে দানিলোর ক্রসে মাথা লাগিয়ে বল জালে জড়ান মারকুইনহোস।

৩০ মিনিটের মাথায় ব্যবধান দ্বিগুণ করেন ফিরমিনো। এ সময় রেনান লোদির বাড়িয়ে দেওয়া বলে খুব কাছ থেকে জালে জড়ান তিনি। প্রথমার্ধের বাকি সময়ে অবশ্য আর কোনো গোল হয়নি। তাতে ২-০ ব্যবধানে এগিয়ে থেকেই বিরতিতে যায় সাবেক বিশ্ব চ্যাম্পিয়নরা।

বিরতির পর ৪৯ মিনিটে নিজের জোড়া গোল পূর্ণ করেন ফিরমিনো। এই গোলে তাকে সহায়তা করেন নেইমার। ৬৬ মিনিটে কুতিনহোর ক্রস ক্লিয়ার করতে গিয়ে নিজেদের জালেই জড়িয়ে দেন বলিভিয়ার হোসে কারাসকো।

৭৩ মিনিটে দারুণ বোঝাপোড়ায় গোল করেন কুতিনহো। এ সময় নেইমারের ক্রসে মাথা লাগিয়ে বল জালে পাঠান কুতিনহো। তাতে ব্রাজিল এগিয়ে যায় ৫-০ ব্যবধানে। শেষ পর্যন্ত এই ব্যবধানের জয় নিয়েই মাঠ ছাড়ে তিতের শিষ্যরা।

টি-২০ ক্রিকেটে যে নতুন নিয়ম চান গাভাস্কার

টি-২০ ক্রিকেট নিয়ে বেশি পরিবর্তনের প্রয়োজন তিনি দেখেন না। তবে সুনীল গাভাস্কারের মতে, ওভার পিছু অন্তত দু’টি করে বাউন্সার চালু করা উচিত। টি-২০ ক্রিকেটকে ব্যাটসম্যানস গেমই বলা হয়ে থাকে। তাই ক্রিকেটের সংক্ষিপ্ততম সংস্করণে কিছুটা ভারসাম্য ফেরানোর জন্য ওভার পিছু এই দু’টি বাউন্সারের নিয়ম চালু করার পক্ষে গাভাস্কার।

ভারতীয় ক্রিকেটের কিংবদন্তি এক সাক্ষাৎকারে বলেছেন, টি-২০ যে দারুণ সফল, তাতে কোনও সন্দেহ নেই। আমার মতে, খুব বেশি বদলের প্রয়োজন নেই। কিন্তু এটা ঠিক যে, ফর্ম্যাটটা প্রবলভাবে ব্যাটসম্যানদের পক্ষে। তাই আমার মতে, ফাস্ট বোলারদের ওভার পিছু দু’টি বাউন্সার দেওয়ার অনুমতি দেওয়া হোক। বাউন্ডারিটাও আরও বাড়ানো যেতে পারে।

শুধু তাই নয়, বোলারদের সুবিধে দিতে আরও একটা পরামর্শ দিয়েছেন ভারতীয় ক্রিকেটের ‘লিটল মাস্টার’। তিনি বলেন, আরও একটা জিনিস করা যেতে পারে। প্রথম তিন ওভারে যদি কোনও বোলার উইকেট নেয়, তাকে বাড়তি একটা ওভার দেওয়া যেতে পারে।

মুজিবনগরে রামনগর ফুটবল টুর্নামেণ্ট রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৭ম খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

গতকাল শুক্রবার বিকেলে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৬-০ গোলে বামন্দী নওদাপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে দুই জন হ্যেট্রিক করার গৌরব অর্জন করেন দলীয় ১০ নং জার্সি পরিহিত

বেল্টু ৩ গোল এবং ৮ নং জার্সি পরিহিত শাকিল ৩ গোল করেন। বিজয়ী দলের শাকিল ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উদ্ভোধন করেন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা, সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির।

আগামী রবিবার ১ ম রাউন্ডের শেষ খেলায় চন্দ্রবাস একাদশ মুখোমুখি হবে চাঁদপুর একাদশের।